



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা

www.dshe.gov.bd

স্মারক নং- ৩৭.০২.০০০০.১০৭.৯৯.৫৭.২০১৬-২১৬০


তারিখ : ০৯/০৫/২০১৯ খ্রিঃ

বিষয় : বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের (স্কুল ও কলেজ) জনবলকাঠামো ও এম.পি.ও. নীতিমালা-২০১৮ এ স্কুল পর্যায়ে সহশিক্ষা অনুমোদিত নিম্ন মাধ্যমিক ও মাধ্যমিক স্তরে সহকারী শিক্ষক (কৃষি/গার্হস্থ্য) এবং আয়া পদের তথ্য প্রেরণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের (স্কুল ও কলেজ) জনবল কাঠামো ও এম.পি.ও. নীতিমালা-২০১৮ মোতাবেক স্কুল পর্যায়ে সহশিক্ষা অনুমোদিত নিম্ন মাধ্যমিক ও মাধ্যমিক স্তরে সহকারী শিক্ষক (কৃষি/গার্হস্থ্য) এবং আয়া পদ প্যাটার্নভুক্ত হয়েছে। যে সকল প্রতিষ্ঠানে (নিম্ন মাধ্যমিক ও মাধ্যমিক পর্যায়ে) যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক সহশিক্ষা অনুমোদনসহ চালু রয়েছে সে সকল প্রতিষ্ঠানের সহকারী শিক্ষক (কৃষি/গার্হস্থ্য) এবং আয়া পদে এম.পি.ও. বিহীন শিক্ষক-কর্মচারীদের প্রতিষ্ঠান ভিত্তিক শূন্য পদের তালিকা, কৃষি ও গার্হস্থ্য বিজ্ঞান বিষয়ের বিষয় অনুমোদন পত্র এবং সহশিক্ষা পরিচালনার অনুমোদন পত্র জরুরী ভিত্তিতে নিম্নোক্ত ছক মোতাবেক আগামী ১৪/০৫/২০১৯ খ্রি. তারিখের মধ্যে প্রেরণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

‘ছক’

ক্রঃ নং	বিদ্যালয়, উপজেলা ও জেলা নাম	নিয়োগকৃত/শূন্য পদের নাম (নিয়োগকৃত এম.পি.ও.বিহীন হলে শিক্ষক-কর্মচারীর নাম)	সহশিক্ষা অনুমোদনের স্মারক ও তারিখ	কৃষি/গার্হস্থ্য বিষয় অনুমোদনের স্মারক নং তারিখ (প্রযোজ্য ক্ষেত্রে)	মন্তব্য


(মোঃ আফসার উদ্দিন)

শিক্ষা কর্মকর্তা (মাধ্যমিক-২)
edudshesecondary2@gmail.com

চাহিত তথ্যাদি :

- ১। প্রতিষ্ঠানের সহশিক্ষা অনুমোদন পত্রের কপি
- ২। কৃষি/গার্হস্থ্য বিজ্ঞান বিষয় অনুমোদনের কপি
- ৩। নিয়োগকৃত (এমপিওবিহীন) শিক্ষক/কর্মচারীদের নিয়োগ সংক্রান্ত কাগজপত্র

জেলা শিক্ষা অফিসার (সকল)

তার আওতাধীন শিক্ষা প্রতিষ্ঠানের চাহিত তথ্য ‘ছক’ মোতাবেক
হার্ডকপি ও সফটকপি (NikoshBan ফন্ট-এ word file-এ)
edudshesecondary2@gmail.com ই-মেইল এ প্রেরণ করার অনুরোধসহ

অনুলিপি : সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

- ১। উপপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা (সকল অঞ্চল)
- ২। সিস্টেম এনালিস্ট, ইএমআইএস সেল, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা
(পত্রটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
- ৩। উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা অফিসার (সকল)
- ৪। সভাপতি/প্রধান শিক্ষক.....
- ৫। পিএটু মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা
- ৬। সংরক্ষণ নথি